# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ لام (লাম) [৫৮]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

لام (লাম) - ২

لَعَنَ [ف]، لَعْنًا <لعن অভিশাপ করা, রহমত থেকে বঞ্চিত করা, লানত করা, অভিসম্পাত দেওয়া, বদ দুয়া করা, গালি দেওয়া, অনিষ্ট কামনা করা ৩৩:৬৮

لَعْنَةٌ جل لَعَنَاتٌ অভিশাপ, লানত, বঞ্চনা, অশুভ কামনা, বদ দুয়া, বিষদৃষ্টি, শ্যেনদৃষ্টি ২:৮৯

لَاعِنٌ অভিশাপকারী, লানতকারী, গালিদাতা ২:১৫৯

مَلْعُونٌ مث مَلْعُونَةٌ অভিশপ্ত, শপ্ত, শাপগ্রস্ত, শাপিত, অভিশাপগ্রস্ত, অশুভ, অমঙ্গল ৩৩:৬১

لُغُوبٌ مص <لغب ক্লান্তির লেশ, ক্লেশ, দুর্বলতা, শ্রান্তি ৫০:৩৮

لَغَا [ن، س]، لَغْوًا <لغو বকবক করা, বাজে কথা বলা, আবোল তাবোল বকা, অনর্থ কথা বলা, বাচালতা করা, বকাবকি করা, গোলমাল করা, হৈচৈ করা ৪১:২৬

لَغْوٌ، لَاغِيَةٌ বকবকানি, বকাবকি, বাচালতা, বকুনি, আবোল তাবোল, আজেবাজে, বিপ্রলাপ, অনর্থ কথা, অসার কথা, অনর্থকতা, বেহুদা, অসারতা ৮৮:১১

لَفَتَ [ض] <لفت ফিরানো, পেছনে ফিরানো, ঘুরিয়ে দেওয়া ১০:৭৮

اَلْتَفَتَ ফিরা, ফিরে চাওয়া, পেছনে তাকনো, পেছনে ফিরানো, ভ্রুক্ষেপ করা, লক্ষ্য করা, নজর ফেরানো, দৃষ্টি দেওয়া ১১:৮১

لَفَحَ [ف] <لفح পোড়ানো, দগ্ধ করা, জ্বালিয়ে দেওয়া, অগ্নি সংযোগ করা, আগুন লাগানো ২৩:১০৪

لَفَظَ [ض] <لفظ বলা, উচ্চারণ করা, মুখে আনা ৫০:১৮

اَلْتَفَّ <لفف পেঁচানো, জড়িয়ে যাওয়া, বিজড়িত হওয়া, সন্নিবিষ্ট হওয়া ৭৫:২৯

أَلْفَافٌ و لِفٌّ ঘণসন্নিবেশিত বাগান, সংযুক্ত বৃক্ষরাজি ৭৮:১৬

لَفِيفٌ ص বিজড়িত, লাগোয়া, সন্নিবিষ্ট, উপচীয়মান, দলে দলে ১৭:১০৪

أَلْفَي <لفو ঘটনাক্রমে পাওয়া, দেখতে পাওয়া, প্রত্যক্ষ করা ২:১৭০

اَلْقَابٌ و لَقَبٌ <لقب উপাধি, খারাপ নাম, অপনাম, পূর্বনাম, খারাপ গুনের উল্লেখ ৪৯:১১

لَوَاقِحُ و لَاقِحٌ <لقح পানিবাহী বায়ু, বৃষ্টি বহনকারী বাতাস, বারিবাহী বায়ুমালা, পরাগায়ণযোগ্য বায়ু, গর্ভসঞ্চারী বায়ু, পরাগায়ণকারী বাতাসে উড়ন্ত মেঘমালা ১৫:২২

لقط> الْتَقَطَ কুড়িয়ে নেওয়া, কুড়ানো, তুলে নেওয়া, উঠানো ২৮:৮

لقف> [س] لَقِفَ গিলা, গিলে ফেলা, গ্রাস করা, গলাধঃকরণ করা, ঢোক গিলা, খেয়ে ফেলা, পেটে ঢোকানো ৭:১১৭

لقم> الْتَقَمَ গিলা, গিলে ফেলা, গ্রাস করা, গলাধঃকরণ করা, ঢোক গিলা, খেয়ে ফেলা, পেটে ঢোকানো ৩৭:১৪২

لُقْمَانُ লোকমান হাকীম আলাইহিস সালাম ৩১:১৩

لقي> لَاقَي، الْتَقَى، [س] لَقِيَ সাক্ষাৎ করা, সাক্ষাৎ পাওয়া, মিলিত হওয়া, মিলন ঘটা, যৌথ হওয়া, একযোগে চলা, পাওয়া, পেয়ে বসা, দেখা পাওয়া, মুখোমুখী হওয়া, সামনা-সামনি হওয়া ৪৩:৮৩

لَقَّى সাক্ষাৎ করানো, প্রদর্শন করা, দেখানো, দর্শানো, দেখতে দেওয়া, দেওয়া, তাউফিক দেওয়া, শিখানো, শিক্ষা দেওয়া ৭৬:১১

أَلْقَى ক্ষেপণ করা, নিক্ষেপ করা, প্রক্ষেপণ করা, ঢালা, ঢেলে দেওয়া, বিক্ষিপ্ত করা, নিশানা বানানো, স্থাপন করা, সংস্থাপন করা, উপস্থাপন করা, পেশ করা, রাখা, দেওয়া ৪:৯৪

تَلَقَّى সাক্ষাত করা, সৌজন্যসাক্ষাত কর, অভ্যর্থনা জানানো, প্রত্যক্ষ করা, পাওয়া, গ্রহণ করা, প্রত্যক্ষ গ্রহণ করা, শিখা, উচ্চারণ করা, জপা, মুখে আনা, বলে বেড়ানো, রটনা করা ২:৩৭

التَّلَاقُ، لِقَاءٌ সাক্ষাৎ, মোলাকাত, প্রত্যক্ষ, প্রদর্শন, উপস্থাপন, সামনা সামনি, মিলন, মিলনি, কিয়ামতের সাক্ষাৎ ৪০:১৫

تِلْقَاءٌ সাক্ষাতে, দিকে, অভিমুখ, পক্ষ ৭:৪৭

مُلَاقٍ، لاَقِي সাক্ষাৎকারী, অভিমুখী, মুখোমুখি।দর্শন লাভকারী, প্রত্যক্ষকারী, যে সাক্ষাৎ পাবে ১৫:২০

مث الْمُلْقِيَات، ج مُلْقِيٌ উপস্থাপক, পেশকারী, উপস্থাপনকারী, নিক্ষেপকারী ৭৭:৫

الْمُتَلَقِّيَانِ আমল প্রত্যক্ষক, কর্ম পরিদর্শক, প্রত্যক্ষ গ্রহণকারী, আমল প্রত্যক্ষ ও গ্রহণকারী ফেরেশতাদ্বয় ৫০:১৭

لكِنَّ، لكِن কিন্তু, উপরন্তু, অথচ, বরং, তবে, এমনকি ২:১২

لِمَ কেন?, কি জন্য? কি কারণে? ৩:৬৫

لِمَا যা, যার, যা কিছুর, যা কিছু আছে তা, যার কারণে ২:৪১

لَمْ না, নয়, কখনও না, নৈবচ ২:৬

لَمَا নিশ্চয় ইহা, অবশ্যই তা ২:৭৪

لمح> مص لَمْحٌ পলক, দৃষ্টি, দৃষ্টিপাত ১৬:৭৭

لمز> [ض] لَمَزَ ভ্রূকুটি করা, ভ্রূকুঞ্চন করা, মুখভার করা, মুখ বাঁকানো, মুখভেংচানো, ব্যঙ্গ করা, মুখখিঁচানো, কটাক্ষ করা, বিদ্রূপ করা, অবজ্ঞা করা, নিন্দা করা, দুর্নম করা ৯:৫৮

لُمَزَةٌ ص ভ্রুকুটিকারী, কটাক্ষকারী, নিন্দুক, বিদ্রূপকারী, ব্যঙ্গকারী, ছিদ্রান্বেষী, দোষান্বেষী ১০৪:১

لمس> [ن، ض] لَمَسَ স্পর্শ করা, ছোঁয়া, হাত দেওয়া, ঘেঁষা, সংস্পর্শ করা ৬:৭

لاَمَسَ শৃঙ্গার করা, কামকলা করা, মাখামাখি করা, মলামলি করা, ডলাডলি করা, সহবাস করা, রতিক্রিয়া করা, সঙ্গম করা ৫:৬

اِلْتَمَسَ হাতড়ানো, তালাশ করা, অনুসন্ধান করা, খোঁজা, খোঁজ করা, অন্বেষণ করা, পাত্তা করা, খোঁজাখুজি করা ৫৭:১৩

لمم> لَمًّا সবটুকু, পুরোটা, সম্পূর্ণভাবে, একত্রে, জমা করে, অনেক বেশি ৮৯:১৯

لَمَمٌ مص ছোট গুনাহ, সগীরা, পাপের কাছাকাছি, অন্যায়, গুনাহ করা, তাওবা করা, সাভাবিক অপরাধ করা ৫৩:৩২

Source — https://www.hadithbd.com/books/link/?id=10269

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন